

Bangladesh



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি অনুবিভাগ

বিধি-২ শাখা

www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭১.১২.০০৮.২২.১৬৬

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯

১৩ সেপ্টেম্বর ২০২২

বিষয়: জনাব মোঃ আব্দুর রহিম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান সংক্রান্ত।

সূত্র: স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২১.১১৮ তারিখ: ০৪.০৮.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নবর্ণিত মতামত প্রদান করা হলো:

বাংলাদেশ সচিবালয় ক্যাডার বহির্ভূত (গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত) ২০২০ অনুযায়ী এর তফসিল-১, ক্রমিক নং-৪ এ প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির ক্ষেত্রে ফিডার পদ হিসেবে 'অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর' পদে অনূ্যন ০৫(পাঁচ) বৎসরের চাকুরির শর্ত রয়েছে। আত্মীকৃত কর্মচারী জনাব মোঃ আব্দুর রহিম আত্মীকরণের পূর্বে 'প্লেইন পেপার কপিয়ার অপারেটর' পদে কর্মরত ছিল যা আত্মীকরণের পর যোগদানকৃত পদ 'অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর' হতে সম্পূর্ণ পৃথক হওয়ায় 'প্লেইন পেপার কপিয়ার অপারেটর' পদের চাকুরিকাল 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতির জন্য ফিডার পদের কার্যকাল হিসেবে গণনাযোগ্য না হওয়ায় 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতি প্রদানের ক্ষেত্রে সরকারি কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০২০ তার জন্য প্রযোজ্য হবে না।

১০-৯-২০২২

মাহফুজা আকতার

উপসচিব

ফোন: ৯৫৪০১৯৮

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

ইমেইল: Reg2 @mopa.gov.bd